# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-১৩১ তারিখ: ১৩-১২-২০২০খ্রি.

বিষয়: এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তি নীতিমালা।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে শিক্ষার্থী ভর্তি নীতিমালাা ও ভর্তি তথ্য বিবরণী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: নবম শ্রেণি ভর্তি নীতিমালা ও ভর্তি তথ্য বিবরণী।

১৩/১২/২০২০
(ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট
সকল সরকারি টিএসসি/টিটিসি/টিভিআই ।

২. অধ্যক্ষ
নব নির্মিত ২৫ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

৩. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-১৩১(১০) তারিখ: ১৩-১২-২০২০খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ-১/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
৪. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, "১০০ টি উপজেলায় ০১ টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), শিক্ষা ভবন, ঢাকা।
৯. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (সংযুক্তিসহ পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১১. নথি।

১৩/১২/২০২০
(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
**Website: www.bteb.gov.bd**

## টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসায় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের

# ভর্তি তথ্যবিবরণী-২০২১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে শিক্ষার্থীদের ভর্তি নীতিমালা:

১.০ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের পরিচিতি:

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অভ্যন্তরিণ ও বিদেশের চাকরি বাজারের জন্য দক্ষ জনশক্তি এবং তাদের প্রশিক্ষণ প্রতিষ্ঠান সম্পর্কে ধারাবাহিক কয়েকটি জরিপ পরিচালনা করে। এ সকল জরিপ এবং অনুরূপ অন্যান্য প্রতিবেদনের ফলাফল মাধ্যমিক পর্যায়ে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমকে জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি স্বতন্ত্র ধারা হিসেবে প্রবর্তনের জন্য সিদ্ধান্ত গ্রহণের নির্ভরযোগ্য ভিত হিসেবে প্রতিষ্ঠা করেছে। এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার সমন্বয়ে প্রণয়ন করা হয়েছে। এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছর ১৭২৮ পিরিয়ড (প্রতি পিরিয়ড ৪৫ মিনিট মেয়াদি) অধ্যয়ন করা ছাড়াও ৬ (ছয়) সপ্তাহ সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করতে হয়।

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের সাথে জাতীয় দক্ষতা মান-৩ ও জাতীয় দক্ষতা মান-২ সম্পৃক্ত রয়েছে। নবম ও দশম শ্রেণিতে শুধু মাত্র ট্রেড অংশে পাশ করলেও বোর্ড নির্ধারিত স্কিল পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হলে জাতীয় দক্ষতা মান-৩ ও জাতীয় দক্ষতা মান-২ এর সনদপত্র প্রদান করা হবে।

ক্রমপরিবর্তনশীল বিশ্ব অর্থনীতির সাথে সাথে দেশে ও বিদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। একই সাথে এ শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করার প্রয়োজনও দেখা দিয়েছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের সিলেবাস পরিমার্জন করা হয়। পরিমার্জিত এ সিলেবাসের প্রধান বৈশিষ্ট্যসমূহ হল:

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের সাধারণ বিষয়ের সিলেবাসের বিষয়বস্তু সাধারণ শিক্ষা বোর্ডের অনুসরণে এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের সিলেবাসের বিষয়বস্তু মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুসরণে করা হয়েছে।

- কম্পিউটার এ্যাপ্লিকেশন বিষয়টি নবম ও দশম উভয় শ্রেণির পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং সকলের জন্য আবশ্যিক করা হয়েছে;
- ঐচ্ছিক বিষয় সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- ট্রেড বিষয়টিকে দুটি বিষয়ে ভাগ করে ট্রেড-১ (১ম ও ২য় পত্র) এবং ট্রেড-২ (১ম ও ২য় পত্র) করা হয়েছে;
- শিক্ষার্থীদের জীবন দক্ষতা উন্নয়নের (Life Skill Development) জন্য ট্রেড বিষয়ের ব্যবহারিক অংশে Communicative English, ব্যক্তিত্বের বিকাশ, ইতিবাচক দৃষ্টিভঙ্গি, স্বাস্থ্য সচেতনতা, নিরাপত্তা, পরিবেশ সচেতনতা ইত্যাদি বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হয়েছে;
- এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম/দশম শ্রেণির মোট নম্বর ১২০০ এবং ঐচ্ছিক বিষয়সহ ১৩০০ এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম/দশম শ্রেণির মোট নম্বর ১৩০০ এবং ঐচ্ছিক বিষয়সহ ১৪০০ করা হয়েছে।

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের প্রধান উদ্দেশ্য:

- ভোকেশনাল গ্রাজুয়েটদের উচ্চতর শিক্ষা ও চাকরি উভয় ক্ষেত্রে সুযোগ নিশ্চিত করা;
- চাকরি বাজারের চাহিদার বিকাশমান গতিধারা (ইমার্জিং ট্রেন্ড) অনুযায়ী শিক্ষিত দক্ষ জনশক্তি সৃষ্টি করা;
- সমাজে ভোকেশনাল গ্রাজুয়েটদের সামাজিক মর্যাদা অর্জনের পথ সুগম করা।

২.১ এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যে কোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি উত্তীর্ণরা ২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২.২ সরকারি প্রতিষ্ঠানের ১ম শিফটে ভর্তিচ্ছু প্রার্থীদের ২০১৫ অথবা এর পরবর্তী সময়ে জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য পাশের সন শিথিল যোগ্য।

২.৩ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২১ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তির জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিজ দায়িত্বে বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৪ ভর্তিচ্ছু প্রার্থীদেরকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং নিজ হস্তাক্ষরে ফরম পূরণ করতে হবে।

২.৫ ভর্তিচ্ছু প্রার্থীকে যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠান হতে (ভর্তির আবেদনপত্র/ফরম, তথ্যবিবরণীর মূল্য এবং অন্যান্য খরচ মিটানোর জন্য) অফেরতযোগ্য ১২০.০০ (একশত বিশ) টাকার বিনিময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ভর্তি তথ্যবিবরণী ও ভর্তির আবেদনপত্র/ফরম সংগ্রহ করতে হবে। **ভর্তি ফরম ও তথ্য বিবরণী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ডাউনলোড করে নেবে।**

২.৬ শিক্ষা প্রতিষ্ঠানে চালুকৃত ট্রেডসমূহের মধ্যে হতে লটারির মাধ্যমে প্রাপ্ত ট্রেডে ভর্তি হতে হবে।

২.৭ প্রার্থীকে ভর্তির আবেদনপত্রের সাথে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি এবং ফরম সংগ্রহের সময় প্রাপ্ত রশিদ সংযুক্ত করতে হবে।

২.৮ ভর্তির লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে ট্রেড ভিত্তিক লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৯ নবম শ্রেণিতে ট্রেডভিত্তিক শিক্ষার্থী ভর্তি করতে হবে। লটারির মাধ্যমে ট্রেড ভিত্তিক ভর্তি তালিকা তৈরি করতে হবে।

২.১০ সরকারি প্রতিষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-৬৮৬, তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.২৫, তারিখ: ১৩ জানুয়ারী, ২০২০ খ্রি. মোতাবেক কোটা সংরক্ষিত থাকবে।

২.১১ **ভর্তি সংক্রান্ত সময়সূচি :**

| কার্যক্রম | প্রতিষ্ঠান | | |
|---|---|---|---|
| | টিটিসি (প্রথম শিফট) | টেকনিক্যাল স্কুল ও কলেজ/টিভিআই (প্রথম শিফট ও দ্বিতীয় শিফট) | বেসরকারি প্রতিষ্ঠান (প্রথম শিফট) |
| আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | ১৫/১২/২০২০ খ্রি. হতে ১৬/০১/২০২১ খ্রি.পর্যন্ত | ১৫/১২/২০২০ খ্রি. হতে ১৬/০১/২০২১ খ্রি. পর্যন্ত | ১৫/১২/২০২০ খ্রি. হতে ২৫/০১/২০২১ খ্রি. পর্যন্ত |
| | (সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতিত) | | |
| লটারির মাধ্যমে ট্রেড অনুসারে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ | ১৭/০১/২০২১ খ্রি. | ১৭/০১/২০২১ খ্রি. | ২৭/০১/২০২১ খ্রি. |
| শিক্ষার্থী ভর্তি | ১৮/০১/২০২১ খ্রি. হতে ২৫/০১/২০২১ খ্রি. পর্যন্ত | ১৮/০১/২০২১ খ্রি. হতে ২৫/০১/২০২১ খ্রি. পর্যন্ত | ২৮/০১/২০২১ খ্রি. হতে ৩১/০১/২০২১ খ্রি. পর্যন্ত |
| ক্লাস আরম্ভের তারিখ | | ১৮/০১/২০২১ খ্রি. | |

*** শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি/বেসরকারি ভর্তির নীতিমালা অনুসরন করতে হবে।**

২.১২ প্রার্থীকে রেজিস্ট্রেসনের সময় জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা দিতে হবে। নম্বরপত্রের মূলকপি শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা থাকবে। এ সময়ের মধ্যে কোন প্রার্থী তা ফেরত চাইলে তার ভর্তি বাতিল করে ফেরত দেয়া হবে।

২.১৩ নবম শ্রেণির ক্লাস শুরু হবে ১৮ জানুয়ারি, ২০২১ খ্রি.। প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৪৮ পিরিয়ড করে বছরে ৩৬ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে। অধিকন্তু ০৬ (ছয়) সপ্তাহ সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট) গ্রহণ করতে হবে।

২.১৪ চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যাবতীয় ফি প্রদান করে নির্দিষ্ট তারিখের মধ্যে প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।

২.১৫ প্রার্থীকে নির্ধারিত ফি প্রদানপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নবম শ্রেণির রেজিস্ট্রেশন নির্ধারিত সময়সূচি মোতাবেক বোর্ডে জমা দিতে হবে।

২.১৬ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীকে বোর্ড নির্ধারিত পাঠ্যসূচি সংগ্রহ করতে হবে।

২.১৭ বর্ণিত নীতিমালার চূড়ান্ত ব্যাখ্যা প্রদানের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।

২.১৮ বর্ণিত নীতিমালার বহির্ভূত কোন বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন।

২.১৯ শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বুঝাবে।

২.২০ প্রতি ট্রেডে আসন সংখ্যা (ড্রপ আউটসহ) ৪০ (চল্লিশ) জন।

২.২১ কোন অবস্থাতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে অধ্যয়নরত কোন শিক্ষার্থী একই শিক্ষাক্রমে পুনরায় ভর্তি হতে পারবে না অথবা একই শিক্ষাবর্ষে একজন শিক্ষার্থী একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে একত্রে ভর্তি হতে পারবে না।

২.২২ এছাড়াও "১০০টি উপজেলায় ০১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ২৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২০২১ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তি কার্যক্রম চালু করা হবে। প্রতিষ্ঠানসমূহের তালিকা সংযুক্তি 'ক' তে দেয়া হলো।

**এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ:**

| ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম | ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ৬১ | এগ্রোবেসড্ ফুড | ১৬. | ৭৬ | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজার্ভেশন |
| ২. | ৬২ | জেনারেল ইলেকট্রনিক্স | ১৭. | ৭৭ | জেনারেল মেকানিক্স |
| ৩. | ৬৩ | অটোমোটিভ | ১৮. | ৭৮ | লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৪. | ৬৪ | বিল্ডিং মেইনটেন্যান্স | ১৯. | ৭৯ | মেশিন টুলস অপারেশন |
| ৫. | ৬৫ | উড ওয়ার্কিং | ২০. | ৮০ | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৬. | ৬৬ | সিরামিক | ২১. | ৮৯ | পেশেন্ট কেয়ার টেকনিক |
| ৭. | ৬৭ | সিভিল কনস্ট্রাকশন | ২২. | ৯০ | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস |
| ৮. | ৬৮ | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ২৩. | ৯১ | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং |
| ৯. | ৬৯ | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | ২৪. | ৯২ | রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং |
| ১০. | ৭০ | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | ২৫. | ৯৩ | গ্লাস |
| ১১. | ৭১ | ড্রেস মেকিং | ২৬. | ৯৪ | ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন |
| ১২. | ৭২ | ডাইং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | ২৭. | ৯৫ | উইভিং |
| ১৩. | ৭৩ | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ২৮. | ৯৬ | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন |
| ১৪. | ৭৪ | ফার্ম মেশিনারি | ২৯. | ৯৭ | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড |
| ১৫. | ৭৫ | ফিস কালচার অ্যান্ড ব্রিডিং | ৩০. | ৯৮ | নিটিং |
| | | | ৩১. | ৯৯ | শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং |

## সংযুক্তি 'ক'

১. টেকনিক্যাল স্কুল ও কলেজ, ধামরাই, ঢাকা।
২. টেকনিক্যাল স্কুল ও কলেজ, কাপাসিয়া, গাজীপুর।
৩. টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাদারগঞ্জ, জামালপুর।
৪. টেকনিক্যাল স্কুল ও কলেজ, নালিতাবাড়ী, শেরপুর।
৫. টেকনিক্যাল স্কুল ও কলেজ, নান্দাইল, ময়মনসিংহ।
৬. টেকনিক্যাল স্কুল ও কলেজ, কালিগঞ্জ, লালমনিরহাট।
৭. টেকনিক্যাল স্কুল ও কলেজ, পীরগঞ্জ, রংপুর।
৮. টেকনিক্যাল স্কুল ও কলেজ, ডিমলা, নীলফামারী।
৯. টেকনিক্যাল স্কুল ও কলেজ, সৈয়দপুর, নীলফামারী।
১০. টেকনিক্যাল স্কুল ও কলেজ, বোচাগঞ্জ, দিনাজপুর।
১১. টেকনিক্যাল স্কুল ও কলেজ, চারঘাট, রাজশাহী।
১২. টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাচোল, চাপাঁইনবাবগঞ্জ।
১৩. টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভেড়ামারা, কুষ্টিয়া।
১৪. টেকনিক্যাল স্কুল ও কলেজ, মুজিবনগর, মেহেরপুর।
১৫. টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাথিঁয়া, পাবনা।
১৬. টেকনিক্যাল স্কুল ও কলেজ, চাটখিল, নোয়াখালী।
১৭. টেকনিক্যাল স্কুল ও কলেজ, সীতাকুন্ডু, জেলাঃ চট্টগ্রাম।
১৮. টেকনিক্যাল স্কুল ও কলেজ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
১৯. টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাউজান, চট্টগ্রাম।
২০. টেকনিক্যাল স্কুল ও কলেজ, হাজীগঞ্জ, চাঁদপুর।
২১. টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাজিরপুর, পিরোজপুর।
২২. টেকনিক্যাল স্কুল ও কলেজ, গুরুদাসপুর, নাটোর।
২৩. টেকনিক্যাল স্কুল ও কলেজ, শিবচর, মাদারীপুর।
২৪. টেকনিক্যাল স্কুল ও কলেজ, আক্কেলপুর, জয়পুরহাট।
২৫. টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাপাহার, নওগাঁ।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।


স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-১২৯ তারিখ: ১৩-১২-২০২০ খ্রি.

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট
......................................................................
......................................................................।

**বিষয়: <u>২০২১ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় প্রতিষ্ঠান প্রধানের করণীয়।</u>**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিম্ন বর্ণিত তথ্যাদি অনুসরণের অনুরোধ করা হল:

১. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ নবম শ্রেণির ভর্তি ফরম ও ভর্তি তথ্য বিবরণী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে নেবেন। **Web Site: <u>www.bteb.gov.bd</u>**

২. তথ্য বিবররণীতে বর্ণিত তারিখ ও নীতিমালা অনুসারে ভর্তি কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩. নবম শ্রেণির ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে ট্রেড সংশ্লিষ্ট শিক্ষক সমন্বয়ে ৫ (পাঁচ) সদস্যের একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

৪. ভর্তির জন্য লটারির মাধ্যমে মোট আসন সংখ্যার সমসংখ্যক ট্রেড ভিত্তিক একটি মূল তালিকা এবং আসন সখ্যার সমসংখ্যক একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। ভর্তি কমিটির সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত উভয় তালিকা একই সঙ্গে নোটিশ বোর্ডে টাঙাতে হবে এবং এক কপি বোর্ডে পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে।

৫. ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে অপেক্ষমান তালিকা হতে সময়সূচি অনুযায়ী শূন্য আসনে আগে আসলে আগে পাবে ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে। অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্ধারিত তারিখের পরেও যদি আসন শূন্য থাকে তবে বোর্ডের সাথে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত প্রত্যেক ট্রেডে ন্যূনতম ১৫ জন শিক্ষার্থী ভর্তি করতে হবে।

৭. সরকারি প্রতিষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-৬৮৬, তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.২৫, তারিখ: ১৩ জানুয়ারী, ২০২০ খ্রি. মোতাবেক কোটা সংরক্ষিত থাকবে।

৮. ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে প্রতিষ্ঠান ভর্তি তথ্যবিবরণী এবং ভর্তির আবেদনপত্র বাবদ ১২০.০০ (একশত বিশ) টাকার গ্রহণ করবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ১২০.০০ (একশত বিশ) টাকা হতে বোর্ডের খরচ বাবদ ৩০.০০ (ত্রিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকুলে রেজিস্ট্রেশন ফি-এর সাথে জমা দিতে হবে।

৯. ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশের প্রমাণ হিসেবে মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা রাখতে হবে। শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত উল্লেখিত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকবে।

১০. ভর্তিকৃত প্রত্যেক শিক্ষার্থীকে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের পাঠ্যসূচি ও সিলেবাস বোর্ড/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ওয়েবসাইট হতে সংগ্রহ/ডাউনলোড করতে হবে।

১১. শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় বোর্ডে নিবন্ধন ভুক্তির জন্য প্রার্থীগণকে নির্ধারিত ফি [নিবন্ধন ফি ১৩০.০০ (এক শত ত্রিশ), ক্রীড়া ফি ৫০.০০ (পঞ্চাশ), স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ (পনের), রেড ক্রিসেন্ট ফি ২০.০০ (বিশ) [৬০% বা ১২.০০ (বার) টাকা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% বা ৮.০০ (আট) টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ (সাত) টাকা] প্রদানপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে নোটিশ মোতাবেক বোর্ডে প্রিন্ট আউট কপি জমা দিতে হবে।

১২. বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের বাইরে প্রতিষ্ঠান শিক্ষার্থীদের উপর অন্য কোনো চার্জ আরোপ করতে পারবে না।

১৩. নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে বোর্ডে প্রেরণের সময় সংশ্লিষ্ট বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এবং এক সেট সত্যায়িত ফটোকপি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। নিবন্ধন ভুক্তির পর প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ফেরৎ প্রদান করা হবে।

১৪. বিগত শিক্ষা বর্ষে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীরা পুনরায় ট্রেড পরিবর্তন বা অন্য কোন কারণে নতুন করে ভর্তি হলে পূর্বের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডে জমা দিয়ে বিধি মোতাবেক ভর্তি বাতিল করে পুনরায় রেজিস্ট্রেশন করতে পারবে।

১৫. অনলাইন রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় স্বীকৃতি নবায়ন এর জন্য ২০২০-২১ শিক্ষাবর্ষ পর্যন্ত হাল নাগাদ নবায়ন ফি প্রদান পূর্বক বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

১৬. বর্ণিত নীতিমালার বহির্ভূত কোন বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭. যে কোন বিষয়ে ব্যাখ্যা প্রদানের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।


(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৩


স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-১২৯(৭) তারিখ: ১৩-১২-২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। নথি।


(মুহঃ আবদুর রাজ্জাক মিঞা)
কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫৩৮

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

ক্রমিক নং .......................
তারিখঃ ............................

**প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট**

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

### এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
### ২০২১ শিক্ষাবর্ষ
### নবম শ্রেণিতে ভর্তির আবেদনপত্র

(স্কুল/মাদ্রাসার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠাঁ দিয়ে লাগাতে হবে)

১. প্রার্থীর পূর্ণনাম: (স্পষ্টাক্ষরে)
বাংলায় ..............................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

২. পিতার নাম :
বাংলায় ..............................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৩. মাতার নাম :
বাংলায় ..............................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৪. পিতা/মাতার মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | | |

৫. অভিভাবকের নাম: (পিতা-মাতার অবর্তমানে) ........................................................ মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | | |

৬. বর্তমান ঠিকানা : ..............................................................................................
..............................................................................................

৭. স্থায়ী ঠিকানা : ..............................................................................................
..............................................................................................

৮. জাতীয়তা: ........................................ জন্ম তারিখ: (সনদপত্র অনুসারে)

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

ধর্ম: ........................................

৯. যে স্কুল/মাদ্রাসা হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশ করেছে তার নাম ও ঠিকানা: ..............................................................................................

১০. টাকা প্রদানের রশিদ নং:........................................................ তারিখ:........................................

১১. সংযোজন যোগ্য: ক. জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পরীক্ষায় পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি।
খ. পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত ছবি।
গ. ফরম ক্রয় বাবদ টাকা প্রদানের প্রাপ্ত মূল্য রশিদ।

________________________________
আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

অব্যাহত-২

---

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

### এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
### ২০২১ শিক্ষাবর্ষ
### নবম শ্রেণি

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠাঁ দিয়ে লাগাতে হবে)

প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট

## <u>প্রবেশপত্র</u>

প্রার্থীর নাম: ..............................................................................................

পিতার নাম: ..............................................................................................

মাতার নাম: ..............................................................................................

আবেদন পত্রের ক্রমিক নং: ................................................................ তারিখ: ........................................

১২. আবেদনকারীর অঙ্গীকারনামা :

এ মর্মে অঙ্গীকার করছি যে ভর্তি হবার সুযোগ পেলে আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইনকানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং দেশের আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

---------------------------------------------------------- পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

-------------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

(অফিস কর্তৃক পূরণীয়)

১৩. অনুমতি প্রাপ্ত ট্রেডের নামঃ ........................................................................................................ ভর্তির অনুমতি দেয়া হলো।

উপাধ্যক্ষ/একাডেমিক ইন চার্জ/সহকারি প্রধান শিক্ষক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট